



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১০৩

চিনি শিল্পে বিশাল সম্ভাবনা আছে, কেউ হতাশ হবেন না

---শিল্পমন্ত্রী

রাজশাহী; ১০ অগ্রহায়ণ (২৫ নভেম্বর):

আখচাষীদের উদ্দেশে শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি বলেছেন, চিনি শিল্পে বিশাল সম্ভাবনা আছে, কেউ হতাশ হবেন না। রাজশাহী সুগার মিল আখচাষীদেরকেই বাঁচাতে হবে। আমরা কৃষক ও শ্রমিকদের মাধ্যমে এই মিল সচল রাখতে চাই।

আজ শুক্রবার (২৫ নভেম্বর) রাত সাড়ে নয়টায় রাজশাহী সুগার মিল লিমিটেডের (রাচিক) ট্রেনিং কমপ্লেক্সে ২০২২-২৩ আখ রোপণ ও মাড়াই মৌসুম উপলক্ষ্যে আখচাষীদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি এসব কথা বলেন।

নুরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেন, সরকার চিনিশিল্প বাঁচিয়ে রাখতে চায়। এই শিল্পকে লাভজনক করতে চায় সরকার, যাতে চাষিরা আখ চাষে উৎসাহিত হয়। এজন্য আমরা বাইরে থেকে আধুনিক যন্ত্রপাতি ও উচ্চফলনশীল বীজ আমদানি নিয়ে কাজ করছি। শ্রমিক-চাষি-কৃষক সকলের সম্মিলিত প্রয়াস ছাড়া এটা সম্ভব নয়।

আমরা শিল্প উন্নয়নে কাজ করছি উল্লেখ করে মন্ত্রী বলেন, আমরা এ ধরনের মিলগুলো বহুমুখী করতে চাই। এই মিলগুলো যেন বসে না থাকে ও আর্থিক ক্ষতি না হয় সেটা নিয়েও কাজ করছি। রাজশাহীতে প্রচুর আম উৎপাদন হয় তাই আমরা এখান থেকে ফুড প্রসেসিং করার পরিকল্পনাও করছি।

রাজশাহী সুগার মিলকে আগের অবস্থায় ফিরিয়ে আনার আশা প্রকাশ করে শিল্পমন্ত্রী বলেন, আমরা আখচাষি ও শ্রমিকদের অভিজ্ঞতা নিয়ে কাজ করতে চাই। সম্মিলিতভাবে কাজ করলে আমাদের ৫ বছরের যে পরিকল্পনা আছে, সেগুলো বাস্তবায়ন হবে। এই মিল আগের অবস্থায় ফিরে আসবে।

বাংলাদেশ চিনি ও শিল্প করপোরেশনের চেয়ারম্যান মো: আরিফুর রহমান অপু এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজশাহী-৩ আসনের সংসদ সদস্য মো: আয়েন উদ্দিন, রাজশাহী জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মীর ইকবাল।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর ও সংস্থার কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ, আখচাষি এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২২/২৩.৫৫ঘ.